শিক্ষককে মারধরের জের

# শাহজাদপুরে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা স্ট্যান্ড রিলিজড

**প্রতিনিধি, শাহজাদপুর (সিরাজগঞ্জ)**

শাহজাদপুর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাঈদা সিদ্দিকাকে স্ট্যান্ড রিলিজ্‌ড করা হয়েছে। ঘুষের টাকা না পেয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের অফিস সহকারী আবদুর রশিদ কর্তৃক ডায়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশিদুল হাসানকে মারপিটের ঘটনার তদন্ত প্রতিবেদনের আলোকে তাকে স্ট্যান্ড রিলিজ্‌ড করে কুষ্টিয়া সদর উপজেলায় বদলি করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এদিকে, এ ঘটনায় অফিস সহকারী আবদুর রশিদের বিরুদ্ধে এখনও কোন ব্যবস্থা না নেয়ায় শাহজাদপুর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে চরম ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে। জানা গেছে, গত ২৬ এপ্রিল বুধবার সকালে শাহজাদপুর উপজেলার ডায়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশিদুল হাসান তার সহকর্মী নন্দলালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক মো. আলাউদ্দিনের লামগ্রান্ড বিলের টাকা উত্তোলনের জন্য স্থানীয় প্রাথমিক শিক্ষা অফিস কার্যালয়ে যান। এ সময় বিল পাশের জন্য অফিস সহকারি আবদুর রশিদ প্রধান শিক্ষক রাশিদুল হাসানের কাছে ৫ হাজার টাকা ঘুষ দাবি করেন। ঘুষের টাকা দিতে অস্বীকার করলে প্রধান শিক্ষক রশিদুল হাসানের সঙ্গে অফিস সহকারী আবদুর রশিদের বাকবিতন্ডা হয়। এক পর্যায়ে অফিস সহকারী আবদুর রশিদ প্রধান শিক্ষক রশিদুল হাসানের মাথায় আঘাত করে মাথা ফাটিয়ে দেয়। একই দিন এ ব্যাপারে থানায় মামলা হলে পুলিশ ওই অফিস সহকারিকে গ্রেফতার করে জেলহাজতে পাঠায়। এ ব্যাপারে সিরাজগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সিদ্দিক মোহাম্মদ ইউসুফ রেজা সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, অফিস সহকারী আবদুর রশিদ ও প্রধান শিক্ষক রাশিদুল হাসানের মধ্যে মারপিটের ঘটনার তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাঈদা সিদ্দিকাকে গত ৮ মে স্ট্যান্ড রিলিজ্‌ড এর নির্দেশ দেন। এক প্রশ্নের জবাবে তিনি জানান, ঘুষ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত অফিস সহকারী আবদুর রশিদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য, অফিস সহকারি আবদুর রশিদ সিরাজগঞ্জ জেল হাজতে রয়েছে।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ..............................
চীফ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর